অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ব্রুকলিন নেভি ইয়ার্ডে ন্যানোট্রনিক্স (NANOTRONICS) হাইটেক ম্যানুফ্যাকচারিং হাব ঘোষণা করেছেন

25,000 বর্গ ফুট বিশিষ্ট হাব উৎপাদন, গবেষণা, উন্নয়ন এবং অফিসের জন্য স্থান এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে

প্রকল্পের জন্য 11 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে যা 190টি কর্মসংস্থানের যোগান দিবে$

প্রকল্পের একটি উপস্থাপনা দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ব্রুকলিন নেভি ইয়ার্ডে ন্যানোট্রনিক্স হাইটেক প্রস্তুতকারী হাবের ঘোষণা দিয়েছেন, যেখানে 11 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে যা এবং 190টি কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। নিউ ফ্ল্যাগশিপ ম্যানুফ্যাকচারিং সেন্টারটি ব্রুকলিন নেভি ইয়ার্ডের 150 বছরের পুরনো সাবেক জাহাজ তৈরির কারখানা হিসেবে ব্যবহৃত ঐতিহাসিক ভবন 20-তে অবস্থিত হবে। এই প্রকল্পটি একই জায়গায় উৎপাদন এবং গবেষণা এবং উন্নয়নকে সমন্বিত করেছে, সেখানে নিউ ইয়র্কের উৎপাদন ক্ষেত্রকে কীভাবে পুনরজ্জীবিত করা যায় তার নীলনকশা বিতরণ করবে এবং একই সাথে গভর্নর কুওমো স্টেটের প্রযুক্তি বাস্তুসংস্থানের উত্তোরত্তর করবে। উপরন্তু, ন্যানোট্রনিক্স সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY)-এর মেগার ইভার্স কলেজ (Medgar Evers College)-এর সাথে স্টার্ট-আপ এনওয়াই (START-UP NY) প্রোগ্রামে চুক্তিবদ্ধ হয়েছে এবং একতাবদ্ধ হয়ে নিউ ইয়র্কের প্রযুক্তি ও উৎপাদন কেন্দ্রে পরবর্তী প্রজন্মের নেতৃত্ব প্রদানকারী কান্ডারী তৈরি করবে।

"নিউ ইয়র্ক একবিংশ শতাব্দীর প্রযুক্তি সংস্থাগুলো তাদের সফলতার জন্য প্রয়োজনীয় প্রতিভা বিকাশের সুযোগ প্রদান করে থাকে এবং আমরা এম্পায়ার স্টেটের উদ্ভাবনী সংস্থাগুলোকে সহায়তা করতে পেরে গর্বিত", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রকল্পটি প্রযুক্তিগত ভবিষ্যৎতের সাথে ব্রুকলিন ওয়াটারফ্রন্টের শিল্প ঐতিহ্যকে সম্পৃক্ত করেছে এবং একটি অত্যাধুনিক উৎপাদন কেন্দ্র তৈরি করবে যা নতুন কর্মক্ষেত্র তৈরি করবে, বিনিয়োগের পরিধি তৈরি করবে এবং একটি শক্তিশালী অর্থনীতি গড়ে তুলবে।"

"নিউ ইয়র্ক সিটি দ্রুত উদ্ভাবন ও প্রযুক্তির আন্তর্জাতিক হাবে পরিণত হয়ে উঠছে, আর এমনটা শুধু ম্যানহাটনেই হচ্ছে না", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্ক স্টেট এর

সহায়তায় এবং রেকর্ড পরিমাণ বেসরকারি বিনিয়োগের পাশাপাশি ব্রুকলিন নেভি ইয়ার্ড তার সমৃদ্ধ শিল্প ইতিহাসের উপর ভিত্তি করে এবং একুশ শতকের উৎপাদন এবং হিতকর প্রযুক্তি পুনরুজ্জীবনের জন্য একটি জাতীয় মডেল হিসেবে আত্মপ্রকাশ করেছে। ন্যানোট্রনিক্স সম্প্রসারণ 190টি নতুন কাজের ক্ষেত্র তৈরি করবে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, CUNY সাথে একতাবদ্ধ হয়ে একটি প্রশিক্ষণ পাইপলাইন অন্তর্ভুক্ত করেছে যার ফলে নিউ ইয়র্কের অধিবাসীরা প্রকৃতপক্ষে এই অবস্থানগুলো অর্জন করতে ও ধরে রাখতে পারবে। আগামী প্রজন্মের উদ্ভাবক ও নেতাদের স্বাগত জানাতে আমরা উন্মুখ।"

ন্যানোট্রনিক্স-এর সিইও ও সহ-প্রতিষ্ঠাতা ম্যাথিউ পুটম্যান বলেন, "যেহেতু আমরা নতুনের ভিত্তি স্থাপন করছি, তাই আমরা শিল্প, উদ্ভাবন ক্ষেত্রে নিউ ইয়র্ক এবং ব্রুকলিন নেভি ইয়ার্ডের শ্রমের এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ যে তারা বিভিন্ন কমিউনিটিকে ঐক্যবদ্ধ করেছে।"

2010 সালে প্রতির্ষ্ঠিত ন্যানোট্রনিক্স উন্নত ইমেজিং সিস্টেম উৎপাদন করে যাতে রোবটিক্স, অপটিক্যাল মাইক্রোস্কোপি এবং মেশিন লার্নিং এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স প্লাটফর্মকে কে সমন্বয় করা হয়েছে। এই প্ল্যাটফর্মগুলি উৎপাদন, কারখানার নিয়ন্ত্রণ এবং গবেষণার জন্য উন্নত উপকরণ, ফার্মাসিউটিক্যাল, জীবন বিজ্ঞান এবং মহাকাশ শিল্পেs নিয়ন্ত্রণ প্রক্রিয়া পুনরুজ্জীবিত করে। বর্তমানে ব্রুকলিন নেভি ইয়ার্ডের নতুন ল্যাবের একজন সদস্য, স্কেলিং ফ্রন্টিয়ার টেকনোলজিস এর জন্য একটি প্লাটফর্ম এবং 500-এর বেশি উদ্যোক্তাদের জন্য হোম তৈরি করেছে, এই প্রকল্পটি নৌবাহিনী ইয়ার্ডের ঐতিহাসিক ভবন 20-তে সম্প্রসারিত করবে এবং ক্রমবর্ধমান চাহিদা অনুযায়ী কার্যক্রম বাড়াতে থাকবে।

রজার্স পার্টনারস স্থপতি + শহুরে ডিজাইনার (Rogers Partners Architects + Urban Designers) দ্বারা পরিকল্পিত, নতুন সুবিধার ফলে ন্যানোট্রনিক্স কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষক, কম্পিউটার বিজ্ঞানী, রসায়নবিদ এবং পদার্থবিদরা উৎপাদন ক্ষেত্রে দক্ষ মেকানিস্টদের সঙ্গে সরাসরি কাজ করতে পারবেন, উদ্ভাবনের উন্নয়নের ফলে পার্টনার ইন্ডাস্ট্রিগুলো কারখানায় কাজে অবদান রাখতে পারবে, বর্জ্যের পরিমাণ কমবে এবং গবেষণা ও উন্নয়ন থেকে উৎপাদনের প্রক্রিয়ার মধ্যকার সময়টা দ্রুততর হবে। এই প্রতিষ্ঠান নৌবাহিনী ইয়ার্ডের এমপ্লয়মেন্ট সেন্টার ও STEAM সেন্টার, CUNY, কর্নেল টেক (Cornell Tech), নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University) ও কলম্বিয়া ইউনিভার্সিটি (Columbia University)-সহ নিউ ইয়র্কের প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে স্থানীয়ভাবে শীর্ষ মেধাবীদের নিয়োগ দিতে পারবে। ন্যানোট্রনিক্স-এর পাশাপাশি নেভি ইয়ার্ডে হাব-এর অবস্থান লাইফ সায়েন্সেস, সেমিকন্ডাক্টর, এরোস্পেস, অটোমোবাইল, অ্যাডিটিভ ম্যানুফ্যাকচারিং এবং কোয়ান্টাম কম্পিউটিং সেক্টরেও পার্টনার ফার্মের জন্য কাজের জায়গা করে দেয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "এই প্রকল্পটি ব্রুকলিন নেভি ইয়ার্ড এর ম্যানুফ্যাকচারিং হেরিটেজের সম্মাননায় করা এবং নিউ ইয়র্কের শীর্ষ একাডেমিক ও প্রযুক্তি প্রতিভার সদ্ব্যবহার করে যা আমাদের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে। আজকের পার্টনারশীপ ESD অগ্রগতির একটি উদাহরণ যা প্রযুক্তি ও সুযোগের জন্য পথতৈরি করবে।"

অ্যাসেম্বলি সদস্য জোসেফ আর. লেন্টল বলেন, "ব্রুকলিন এর আরেকটি মহান নেতৃস্থানীয় প্রযুক্তি আনার জন্য গভর্নর কুওমো এবং লে. গভর্নর হোচুলকে ধন্যবাদ। নৌবাহিনীর ইয়ার্ড নিশ্চিতভাবে নতুন, সৃজনশীল এবং গুরুত্বপূর্ণ প্রযুক্তির জন্য একটি হাব যা উচ্চ প্রযুক্তির ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের জন্য চাকরি ক্ষেত্রে পরিণত হবে। এই পার্টনারশীপ এবং এই নতুন স্থান স্থানীয় প্রতিভাকে কাজে লাগিয়ে প্রযুক্তি শিল্পে ব্রুকলিনকে অগ্রগণ্য ভূমিকায় রাখবে যা আমাদের সম্প্রদায়ের জন্য হিতকর।"

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ বলেছেন, "আমরা গভর্নর কুওমো-কে ধন্যবাদ জানাই তার স্টার্ট-আপ এর উদ্যোগের জন্য, যা বিশ্ববিদ্যালয় এবং আমাদের শিক্ষার্থীদের মঙ্গলের জন্য সহায়ক। ন্যানোট্রনিক্স এবং CUNY-এর মেগার ইভার্স কলেজের মধ্যে এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব আমাদের শিক্ষার্থীদের প্রয়োজনীয় কর্মক্ষেত্রের অভিজ্ঞতা এবং ডিজিটাল দক্ষতা অর্জনের সুযোগ দেবে যা তাদেরকে এই 21 শতাব্দীর প্রযুক্তি-কেন্দ্রিক অর্থনীতিতে সফলতা অর্জনের জন্য প্রয়োজন।"

ব্রুকলিন নেভি ইয়ার্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন (Brooklyn Navy Yard Development Corporation)-এর প্রেসিডেন্ট-এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড এহরেনবার্গ বলেন, "নেভি ইয়ার্ড দ্রুত শহরে টেকসই উৎপাদন কাজ ফিরিয়ে আনার জন্য একটি জাতীয় মডেল হয়ে উঠছে এবং ন্যানোট্রনিক্সের মত কোম্পানি সেই কাজের নেতৃত্ব দিচ্ছে। ন্যানোট্রনিক্স হল এসেই ধরনের উদ্ভাবনী প্রস্তুতকারকের নিখুঁত উদাহরণ, যা ইয়ার্ডে প্রতিষ্ঠা লাভ করতে পারে, শহরে উৎপাদন এবং উচ্চ মানের কাজ তৈরি করার একটি নতুন মডেল হিসেবে উদাহরণ তৈরি করতে পারে।"

ফিশার ব্রাদার্সের পার্টনার ও NYC REDC এর সহ-সভাপতি উইনস্টন ফিশার বলেন, "ব্রুকলিন নেভি ইয়ার্ডকে প্রযুক্তি এবং উৎপাদনের মধ্যে প্রতিষ্ঠা করতে সহায়তা করবে – যা নতুন প্রযুক্তি নির্মাণের পাশাপাশি নিউ ইয়র্কের জন্য নির্ভরযোগ্য আয়ের পথ তৈরি করবে।"

নিউ ইয়র্ক জিনোম সেন্টারের প্রেসিডেন্ট ও চিফ অপারেটিং অফিসার এবং NYC REDC এর সহ-সভাপতি চেরিল এ. মুর বলেন, "ব্রুকলিন থেকে ব্রঙ্কস, নিউ ইয়র্কের প্রযুক্তি খাতে উত্থান ঘটছে, আর এই প্রকল্পটি ভবিষ্যৎ বৃদ্ধিতে ডাউন পেমেন্ট হিসেবে কাজ করবে। ন্যানোট্রনিক্স তার ক্ষেত্রের নেতৃস্থানীয় প্রান্তে অবস্থান করে, স্বাস্থ্যসেবা এবং জীবন বিজ্ঞান গবেষণার জন্য গুরুত্বপূর্ণ সরঞ্জাম প্রদান করে-এবং আমরা চাকরিজীবীদের জন্য এই প্রকল্পটি যে যে কর্মসংস্থান সৃষ্টি করবে এবং অন্য কোম্পানিগুলো আমাদের শহরের প্রতি আকৃষ্ট করবে আমরা তা দেখার আশা করছি।"

ন্যানোট্রনিক্সের সম্প্রসারণ সমর্থন সম্প্রসারণে সহায়তা করতে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট 2,250,000 মার্কিন ডলার পর্যন্ত উন্নয়ন একটি কর্মক্ষমতা ভিত্তিক মূলধন অনুদান প্রদানের প্রস্তাব কোম্পানিটিকে দিয়েছে। অনুদানের পুরো পরিমাণ পাওয়ার জন্য, ন্যানোট্রনিক্সকে তার বর্তমান 34 পদের উপরে 190টি চাকরি তৈরি করতে হবে এবং প্রকল্পে অন্তত 11 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে হবে। সেই সাথে প্রতিষ্ঠানটি প্রত্যয়িত সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসায়ীদের সঙ্গে অনুদানের অন্তত 30 শতাংশ ব্যয় করতে চায়। নিউ ইয়র্ক সিটি রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল কর্তৃক প্রকল্পটি সমর্থন করা হয়েছিল।

উপরন্তু, স্টার্ট-আপ এনওয়াই প্রোগ্রাম, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে উদ্ভাবনী কোম্পানি এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে সহযোগিতাতে উৎসাহিত করে, তাতে যোগ দেওয়ার জন্য CUNY এর মেগার ইভার্স কলেজের সাথে ন্যানোট্রনিক্স অংশীদারীত্বে যুক্ত হয়েছে। এই প্রোগ্রামের মাধ্যমে, শিক্ষার্থীদের পরামর্শ প্রদান, গবেষণা প্রকল্পে সহযোগিতা, ক্যারিয়ার সেবা কর্মশালা আয়োজন, অর্থপূর্ণ বেতনভোগী ইন্টার্নশীপ এবং চাকরিতে শিক্ষার্থীদের যোগদান করা এবং সেই সাথে STEM এবং মানবিক শাখার শিক্ষার পাঠক্রম এবং প্রোগ্রাম উন্নত করতে ন্যানোট্রনিক্স-এর নির্বাহীরা মেগার ইভার্সের অনুষদ এবং শিক্ষার্থীদের সাথে কাজ করবে। শিক্ষার্থীরা একটি উদীয়মান হাইটেক শিল্পে বাস্তব-বিশ্বের ব্যবসা এবং প্রযুক্তিগত অভিজ্ঞতা লাভ করবে-যা ন্যানোট্রনিক্সসহ বিভিন্ন ভবিষ্যত পেশার জন্য তাদেরকে প্রস্তুত করবে।

ন্যানোট্রনিক্সের যুগান্তকারী ধাপ আসে যখন ব্রুকলিন নেভি ইয়ার্ডে 1 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের সম্প্রসারণ চলছে, যা দ্বিতীয় বিশ্বযুদ্ধের থেকে বড়। বর্তমানের এই সম্প্রসারণের ফলে, 2021 এর মধ্যে ইয়ার্ডের বর্তমান 10,000 কাজ থেকে মোট 20,000 কাজ বৃদ্ধি পাবে, যাতে অন্তর্ভুক্ত থাকবে, উল্লম্ব-সমন্বিত নকশা ও উৎপাদন কোম্পানি এবং গ্রাউন্ড-ফ্লোর খাদ্য উত্পাদন বাজারকে স্থান প্রদানের জন্য সম্প্রতি সম্পূর্ণ সংস্কার করা বিল্ডিং 77; এই ফলে উন্মুক্ত হতে যাওয়া একটি নতুন সৃজনশীল অফিস ভবন ডক 72 যা রুডিন ডেভেলপমেন্ট (Rudin Development), বোস্টন প্রপার্টিজ (Boston Properties) এবং উইওয়ার্ক (WeWork) এর তৈরি করা; অক্টোবরে উন্মুক্ত হতে যাওয়া একটি হালকা উৎপাদন এবং সৃজনশীল অফিস সমন্বিত এডমিরাল'স রো (Admiral's Row), যা স্টেইনার এনওয়াইসি (Steiner NYC) এর তৈরি করা এবং ওয়েগম্যানস (Wegmans) এর একটি সুপারমার্কেট; গ্রীন ম্যানুফ্যাকচারিং সেন্টার (Green Manufacturing Center) যেখানে নিউ ল্যাব স্থাপিত হবে; এবং হলিউডের বাইরে যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ চলচ্চিত্র ও টেলিভিশন প্রোডাকশন স্টুডিও স্টেইনার (Steiner) এর একটি সম্প্রসারিত স্টুডিও।

উল্লম্ব উৎপাদন ভবনগুলোতে 10,000 অতিরিক্ত চাকরি সৃষ্টির জন্য ব্রুকলিন নেভি ইয়ার্ড সম্প্রতি 2.5 বিলিয়ন মার্কিন ডলার অর্থের একটি মাস্টার প্ল্যান ঘোষণা করেছে, যা আগামী দশকগুলিতে ইয়ার্ডে মোট চাকরি সংখ্যা 30,000-এ নিয়ে যাবে। ই পরিকল্পনাটি ইয়ার্ডের মধ্যে তিনটি কম ব্যবহৃত উন্নয়ন স্থান-কেন্দ্রিক এবং এতে সর্বজনীন ক্ষেত্র ও প্রবেশযোগ্যতার উন্নতিসহ উলম্ব উৎপাদনের স্থানসমূহের সম্পূর্ণ উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে। নেভি ইয়ার্ডকে স্থানীয় কমিউনিটির সাথে আরো সমন্বিত এবং ইয়ার্ডটিকে আরো পথচারী-এবং সাইক্লিস্ট বান্ধব করে গড়ে তোলার জন্য উন্নত রাস্তা খোঁজার পদ্ধতি, আলোকসজ্জা এবং রাস্তা তৈরি পরিকল্পনাতে বিবেচনা করা হয়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন